**পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার পরিচালনা বোর্ডের ৫৩তম সভার সিদ্ধান্তের আলোকে আরডিএ, বগুড়া'র করণীয় বিষয়ক সভার কার্যবিবরণী।**

**সভার স্থান** : মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ
**তারিখ** : ১৫ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি. সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা।
**সভাপতি** : ড. এ. বি. এম মাহবুব আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আরডিএ, বগুড়া।
**উপস্থিতি** : সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন এবং পরিচালক (প্রশাসন) কে ৫৩তম বোর্ড সভার আলোচ্য বিষয়, আলোচনা ও সিদ্ধান্তসমূহ উপস্থাপনের অনুরোধ করেন। পরিচালক (প্রশাসন), আরডিএ, বগুড়া ৫৩তম বোর্ড সভার আলোচ্য বিষয়, আলোচনা ও সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ আরডিএ, বগুড়া করণীয় সর্বসম্মতিক্রমে নির্ধারন করা হয়।

| ক্র. নং | ৫৩তম বোর্ড সভার **সিদ্ধান্ত** | **আলোচনা** | **আরডিএ বগুড়া'র করণীয়** |
|---|---|---|---|
| ১. | বিগত ৫১তম বোর্ড সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করে করা হয় এবং গত ২১ এপ্রিল, ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ৫২তম সভার মতামত পর্যালোচনা করা হয়। | - | - |
| ২. | কর্মকর্তা কর্মচারিদের বেতনগ্রেড উন্নীতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>পেনশন সুবিধা অব্যহত রাখা জন্য অর্থ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ ও নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | প্রশাসন বিভাগের মাধ্যমে কর্মকর্তা কর্মচারিদের বেতন গ্রেড উন্নীতকরণ এবং পেনশন সুবিধা অব্যহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কমিটি গঠন করে বেতন গ্রেড উন্নীতকরণ কাজ চলমান রাখার জন্য মতামত প্রদান করা হয়। | কর্মকর্তা কর্মচারিদের বেতন গ্রেড উন্নীতকরণের জন্য নিম্নোক্ত কর্মকর্তা কর্মচারিদের সমন্বয়ে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ড. শেখ মেহ্দী মোহাম্মদ, পরিচালক, আহবায়ক<br>ড. মাকছুদ আলম খান, যুগ্মপরিচালক, সদস্য<br>ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, যুগ্মপরিচালক, সদস্য<br>জনাব মোঃ দেলোয়ার হোসেন, যুগ্মপরিচালক, সদস্য<br>জনাব মহিত উল আলম মিলন, অডিঃ ভিজ্যুয়াল অফিঃ, সদস্য<br>জনাব মোঃ আব্দুল্লাহ আলআমিন, সহকারী পরিচালক, সদস্য-সচিব<br>এছাড়া পেনশন সুবিধা অব্যহত রাখা জন্য অর্থ বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে ও নিয়মিত যোগাযোগ রাখতে হবে। |
| ৩. | দ্রুততম সময়ের মধ্যে আইন ও প্রবিধানমালা সংশোধনের জন্য কমিটি গঠন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | একাডেমীর আইন ও প্রবিধানমালা সংশোধনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কমিটি গঠন করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মতামত প্রদান করা হয়। | আরডিএ, বগুড়া'র বিদ্যমান আইন ও প্রবিধানমালা সংশোধনের বিষয়ে নিম্নোক্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>১. ড. আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক, আহবায়ক<br>২. জনাব মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক, সদস্য<br>৩. জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক, সদস্য<br>৪. ড. শেখ মেহ্দী মোহাম্মদ, পরিচালক, সদস্য<br>৫. ড. মাকছুদ আলম খান, যুগ্মপরিচালক, সদস্য<br>৬. জনাব মোঃ খালিদ আওরঙ্গজেব, যুগ্মপরিচালক, সদস্য<br>৭. জনাব মোঃ দেলোয়ার হোসেন, যুগ্মপরিচালক, সদস্য<br>৮. ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, যুগ্মপরিচালক, সদস্য<br>৯. ড. মোঃ শফিকুর রশিদ, যুগ্মপরিচালক, সদস্য<br>১০. জনাব মোঃ মহিউদ্দিন, উপপরিচালক সদস্য-সচিব |
| ৪. | সাফল্যজনকভাবে দারিদ্র্য বিমোচনকারী দেশগুলো থেকে পল্লী উন্নয়ন বিষয়ক ধারণা পাওয়ার জন্য আন্তর্জাতিক সেমিনার আগামী অক্টোবর-ডিসেম্বর, ২০২৬ সময়ে আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্ধারিত সময়ের মধ্যে সেমিনারটি আয়োজনের জন্য সভায় মতামত প্রদান করা হয়। | পরিচালক (প্রশিক্ষণ) সেমিনারটি আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং সেমিনারের জন্য একটি পূর্নাঙ্গ প্রস্তাবনা তৈরি করে আগামী ২৮/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক বরাবর উপস্থাপন করবেন। |
| ৫. | গবেষণা ও প্রায়োগিক গবেষণায় প্রাপ্ত ফলাফল সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার মধ্যে সম্প্রসারণের জন্য ডিসেম্বর ২০২৬ এর মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে একটি সেমিনার আয়োজন করতে হবে। | গবেষণা ও প্রায়োগিক গবেষণায় প্রাপ্ত ফলাফল সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার মধ্যে সম্প্রসারণের জন্য ডিসেম্বর ২০২৬ এর মধ্যে আয়োজনের জন্য সভায় মতামত প্রদান করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে আলোচনা করে পরিচালক (গবেষণা ও মূল্যায়ন) এবং পরিচালক (পিপিএম) সেমিনারটি যথাসময়ের মধ্যে আয়োজনের ব্যবস্থা করবেন।<br>সেমিনারের আয়োজনের পূর্বে গবেষণা ও মূল্যায়ন বিভাগ একটি সভার আয়োজন করে সেমিনারের জন্য একটি পূর্নাঙ্গ প্রস্তাবনা তৈরি করে আগামী ২৮/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক বরাবর উপস্থাপন করবেন। |
| ৬. | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উদ্যোগে সকল একাডেমির জন্য অভিন্ন ও যুগোপযোগী গবেষণা নীতিমালা দ্রুততম সময়ের মধ্যে প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল একাডেমির জন্য অভিন্ন ও যুগোপযোগী গবেষণা নীতিমালা প্রনোয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | এ বিষয়ে আগামী ২০/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রশাসন বিভাগ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পত্র প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্র. নং | ৫৩তম বোর্ড সভার সিদ্ধান্ত | আলোচনা | আরডিএ বগুড়া'র করণীয় |
|---|---|---|---|
| ৭. | "ক্লাইমেট স্মার্ট কৃষি প্রযুক্তি উদ্ভাবন ও বিস্তারের মাধ্যমে চরাঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর খাদ্য, পুষ্টি নিরাপত্তা ও জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির অর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। পাশাপাশি নতুন প্রকল্প প্রস্তাব প্রণয়নের বিষয়েও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উল্লিখিত প্রকল্পটির অর্থায়নসহ আরো নতুন প্রকল্প প্রণয়ন করে সংশ্লিষ্ট বিভাগে নিয়মিত যোগাযোগ রাখার জন্য সভায় মতামত প্রদান করা হয়। | উল্লেখিত প্রকল্পটির অর্থায়ন প্রাপ্তি এবং নতুন প্রকল্প প্রস্তাবনা প্রণয়নের জন্য পরিচালক (পিপিএম) কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৮. | "আরডিএ, বগুড়া'র অবকাঠামো শক্তিশালীকরণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পটি অতীব জরুরী বিবেচনায় অনুমোদনের প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উল্লিখিত প্রকল্পটি অতীব জরুরী বিবেচনায় আমলে নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উল্লিখিত প্রকল্পটি অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগের জন্য পরিচালক (পিপিএম) কে পরিচালক (পিপিএম) কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৯. | একাডেমী পরিচালিত গবেষণাসমূহ দ্বৈততা পরিহারপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | গবেষণাসমূহ দ্বৈততা পরিহারের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | একাডেমী পরিচালিত গবেষণাসমূহের দ্বৈততা পরিহারের জন্য একাডেমীর বার্ষিক পরিকল্পনা সম্মেলন (এপিসি), ভেলিডেশন ওয়ার্কসপ ও লিটারেচার রিভিউ এর প্রতি বিশেষভাবে নজর দিতে হবে। |
| ১০. | একাডেমীর রাজস্ব অর্থায়নে পরিচালিত অন্যান্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণসহ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ নিবন্ধিত কোর্সগুলি গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে নিয়মিত আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | একাডেমীর রাজস্ব অর্থায়নে আয়োজিত প্রশিক্ষণ কোর্সের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত কোর্সগুলি যথাযথভাবে পরিচালনার বিষয়ে সভায় মতামত প্রদান করা হয়। | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ নিবন্ধিত কোর্সগুলি বাস্তবায়নের লক্ষ্যে অতি সত্তর পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করতে হবে। প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে একাডেমীর কর্তৃক বাস্তবায়িত প্রকল্প একালার সুফলভোগীদের অগ্রাধিকার দিতে হবে। পরিচালক (প্রশিক্ষণ) কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১১. | 'পল্লী জনপদ' প্রকল্পের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পটির ৩য় সংশোধনীর প্রস্তাব অনুমোদনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | 'পল্লী জনপদ' প্রকল্পের অসমাপ্ত নির্মাণ কাজ সম্পন্ন করার সভায় বিস্তারিত আলোচনা হয়। | 'পল্লী জনপদ' প্রকল্পের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পটির ৩য় সংশোধনীর প্রস্তাব অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক যোগাযোগ অব্যাহত রাখবেন। |
| ১২. | একাডেমী'র বাউন্ডারি ওয়ালের বাইরের বেদখলী ১২.৩০ একর জমির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম সরকারি বিধি-বিধান অনুযায়ী সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | একাডেমী'র বাউন্ডারি ওয়ালের বাইরের বেদখলী ১২.৩০ একর জমির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্নের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। সরকারি নিয়ম অনুযায়ী কমিটি গঠনের মাধ্যমে বেদখলকৃত জমি দখলের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং এ লক্ষ্যে প্রথমে জড়িত দখলদারদের সাথে প্রাথমিক যোগাযোগ ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় মতামত প্রদান করা হয়। | একাডেমী'র বাউন্ডারি ওয়ালের বাইরের বেদখলী জমির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>১. ড. আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক, আহবায়ক<br>২. জনাব মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক, সদস্য<br>৩. ড. শেখ মেহ্দী মোহাম্মদ, পরিচালক, সদস্য<br>৪. জনাব মোঃ খালিদ আওরঙ্গজেব, যুগ্মপরিচালক, সদস্য<br>৫. জনাব মোঃ দেলোয়ার হোসেন, যুগ্মপরিচালক, সদস্য<br>৬. ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, যুগ্মপরিচালক, সদস্য<br>৭. সহকারী কমিশনার (ভূমি) শেরপুর, বগুড়া, সদস্য<br>৮. জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (প্রশিক্ষণ), সদস্য-সচিব<br>প্রশাসন বিভাগের সার্বিক সহযোগীতায় উল্লিখিত কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৩. | প্রযুক্তি নির্ভর নতুন নতুন বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রযুক্তি নির্ভর নতুন নতুন বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম অব্যাহত রাখা একাডেমীর সকল কর্মকর্তাদের অন্যতম প্রধান কাজ বলে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রযুক্তি নির্ভর নতুন নতুন বিষয়ে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম চলমান রাখার জন্য প্রশিক্ষণ, গবেষণা ও প্রকল্প পরিকল্পনা পরিবীক্ষণ বিভাগ যৌথভাবে কাজ করবে। |
| ১৪. | একাডেমীর সকল ক্রয় কার্যক্রম আইন ও বিধি মোতাবেক সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | একাডেমীর সকল ক্রয় কার্য সম্পাদন বিশেষ করে দৈনন্দিন কার্য সম্পাদনের জন্য ক্রয় বিধি যথাযথভাবে অনুসরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সকল ক্রয় কার্যক্রম সরকারি বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য অতিদ্রুত একটি ফ্রেম ওয়ার্ক চুক্তি সম্পাদন করতে হবে। প্রশাসন বিভাগের ফ্রেম ওয়ার্ক চুক্তি সম্পাদনের কাজটি করবে। |
| ১৫. | সহকারী পরিচালক ও মেডিকেল অফিসার পদে নিয়োগের জন্য সুপারিশকৃতদের দ্রুততম সময়ে যোগদানের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক ও মেডিকেল অফিসার পদে নিয়োগের জন্য সুপারিশকৃতদের পুলিশ ভেরিফিকেশন দ্রুত সম্পন্নকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে পুলিশ ভেরিফিকেশন সংগ্রহ পূর্বক যোগদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ১৬. | একাডেমীর টিওএন্ডই'তে একটি এ্যাম্বুলেন্স অন্তর্ভূক্তির বিষয়ে গৃহীত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | একাডেমীর টিওএন্ডই'তে একটি এ্যাম্বুলেন্স অন্তর্ভূক্তির জন্য করণীয় বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র টিওএন্ডই'তে একটি এ্যাম্বুলেন্স অন্তর্ভূক্তির বিষয়ে মন্ত্রনালয়ের পত্র প্রেরণের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত পূর্বক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন বিভাগ। |

| ক্র. নং | ৫৩তম বোর্ড সভার সিদ্ধান্ত | আলোচনা | আরডিএ বগুড়া'র করণীয় |
|---|---|---|---|
| ১৭. | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা করে প্রযোজ্য ক্ষেত্রে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উদ্যোগে একটি কমিটি গঠন করে এ বিভাগের অধীনস্থ সকল প্রতিষ্ঠানের জন্য একটি সমন্বিত গৃহ নির্মাণ ঋণ নীতিমালা প্রণয়ন করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | বোর্ড মিটিং এর সিদ্ধান্তের আলোকে গৃহ নির্মাণ ঋণ প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বোর্ড মিটিং এর সিদ্ধান্তের আলোকে কমিটি চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন বিভাগ। |
| ১৮. | একাডেমীর প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম আরোও গতিশীল করার প্রয়োজনীয় উদ্যেগ গ্রহণ করতে হবে। | একাডেমীর প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম কিভাবে আরও গতিশীল করা যায় সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। | একাডেমীর প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।<br>প্রশিক্ষণ রিপোর্ট প্রণয়নের সময় অবহিতকরণ কার্যক্রমকে আলাদা করে দেখাতে হবে।<br>গবেষণা ক্ষেত্রে বছর ওয়ারী বিভাজন পূর্বক গবেষণার রিপোর্ট তৈরি করতে হবে। |
| ১৯. | সভায় আরডিএ, বগুড়া'র প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে পরিচালিত ৭টি বিশেষায়িত কেন্দ্র ও ৭টি ইউনিটের কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করতে হবে এবং আয়-ব্যয়ের হিসাব সঠিকভাবে রাখতে হবে। | আরডিএ, বগুড়া'র প্রশাসনিক নিয়ন্ত্রণাধীনে পরিচালিত ৭টি বিশেষায়িত কেন্দ্র ও ৭টি ইউনিটের কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিশেষায়িত কেন্দ্র ও ইউনিটের কার্যক্রম সরকারি বিধি মোতাবেক পরিচালনা করতে হবে। |
| ২০. | পর্যালোচনান্তে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের গুণগতমান বজায় রেখে সকল কার্যক্রম আরো উন্নতকরণের পদক্ষেপ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনীয় অবকাঠামো ও অন্যান্য সুবিধা নিশ্চিতকরণ সাপেক্ষে ভবিষ্যতে কারিগরী শিক্ষা কার্যক্রম চালুকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের সকল কার্যক্রম আরো উন্নতকরণ এবং ভবিষ্যতে কারিগরী শিক্ষা কার্যক্রম চালুকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | অধ্যক্ষ, পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া'কে পত্র মারফত সিদ্ধান্ত অবহিত করতে হবে। |
| ২১. | একাডেমীর ২০২৩-২৪, ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রস্তাব অনুমোদন করা হয়। একই সাথে ব্যয়ের ক্ষেত্রে ক্রয় বিধি ও আইন বিধি অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়। | একাডেমীর সকল ক্রয় কার্য সম্পাদন ও ব্যয়ের ক্ষেত্রে ক্রয় বিধি যথাযথভাবে অনুসরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | একাডেমীর সকল ব্যয়ের ক্ষেত্রে ক্রয় বিধি ও আইন বিধি অনুসরণ করে সমগ্র ব্যয় কার্যক্রম পরিচালনা করতে হবে। |
| ২২. | একাডেমীর রাজস্ব বাজেটভুক্ত প্রথম শ্রেণির ০৬ জন সহকারী পরিচালক (১) জনাব মোঃ আরাফাত হোসেন (২) জনাব মোঃ আসাদুজ্জামান (৩) জনাব মোঃ আলতাব হোসেন (৪) জনাব মোঃ সৈকত সরকার (৫) জনাব অন্তরা খাতুন ও (৬) জনাব মোঃ ইকবাল হোসেন এর চাকুরীতে যোগদানের তারিখ হতে স্থায়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব সুস্মিতা তাসনীম এর ঋণ গ্রহণের বিষয়টি নিষ্পত্তিপূর্বক তার চাকুরী স্থায়ীকরণের বিষয়টি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বোর্ড সভার সিদ্ধান্তের আলোকে একাডেমীর রাজস্ব বাজেটভুক্ত প্রথম শ্রেণির ০৬ জন সহকারী পরিচালক (১) জনাব মোঃ আরাফাত হোসেন (২) জনাব মোঃ আসাদুজ্জামান (৩) জনাব মোঃ আলতাব হোসেন (৪) জনাব মোঃ সৈকত সরকার (৫) জনাব অন্তরা খাতুন ও (৬) জনাব মোঃ ইকবাল হোসেন এর চাকুরী স্থায়ীকরণের জন্য করণীয় বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পত্র মারফত ০৬ জন সহকারী পরিচালক কে চাকুরী স্থায়ীকরণের পত্র প্রদান করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন বিভাগ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/২/২০২৬

**(ড. এ.বি.এম মাহবুব আলম)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

স্মারক নম্বর: ৪৭.৬৪.১০৮৮.০১৫.০৬.০৬৮.২০/৭৬

তারিখ: ০৫ ফাল্গুন ১৪৩২
১৮ ফেব্রুয়ারি ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) পরিচালক (সকল)............................................................, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
২) প্রকল্প পরিচালক (সকল).................................................., পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৩) যুগ্মপরিচালক (সকল)........................................................, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৪) উপপরিচালক (সকল)..........................................................., পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৫) আইটি ইনচার্জ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৬) হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৭) লাইব্রেরীয়ান, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৮) সহকারী পরিচালক (সকল)..................................................., পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
৯) সহকারী প্রকৌশলী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (মহোদয়ের সদয় অবগতির জন্য)

(মোঃ মহিউদ্দিন)
উপপরিচালক (প্রশাসন)